

নির্বাহী আদেশ

**আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা
দুর্যোগ সংক্রান্ত জরুরি অবস্থার সাথে সম্পর্কিত**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন অতএব, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্কার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য, আমি এতদ্বারা কার্যনির্বাহী আদেশ 202.22 থেকে 202.26 এবং 202.32, যা পরবর্তী নির্দেশ দ্বারা অতিক্রম করা হয়নি, দ্বারা স্থগিত বা সংশোধিত আইন বা নির্দেশগুলির স্থগিতকরণগুলি ও সংশোধনগুলি অব্যাহত রাখছি 20 আগস্ট 2020 পর্যন্ত, কেবল কমিশনার অফ ট্যাক্স অ্যান্ড ফাইন্যান্স দ্বারা আরোপিত কোন জরিমানা ছাড়া বিক্রয় কর প্রদান করার সময় প্রসারিত করার প্রবিধান 202.33, 202.34 এবং 202.35 যেমন কার্যনির্বাহী আদেশ 202.44 এ উল্লিখিত আছে, এবং কার্যনির্বাহী আদেশ 202.45 ব্যতিরেকে।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 20 আগস্ট 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি:

- কার্যনির্বাহী আদেশ 202.45, যা কার্যনির্বাহী আদেশ 202.3, 202.4, 202.5, 202.6, 202.7, 202.8, 202.10, 202.11, 202.13, 202.14, 202.28, 202.31, 202.34, 202.35 এবং 202.41 এর প্রবিধানগুলি প্রসারিত করে, যার প্রতিটি সরকারী বা ব্যক্তিগত ব্যবসা বা সরকারী বাসস্থান বন্ধ বা অন্যথায় সীমায়িত করে এবং রাজ্যের পুনরায় খোলার পর্যায় চারে অঞ্চলগুলিকে প্রবেশাধিকার প্রদান করে যতক্ষণ তারা স্বাস্থ্য বিভাগের নির্ধারিত জনস্বাস্থ্য এবং নিরাপত্তার মেট্রিক্স পূরণ করে, সেগুলি এতদ্বারা অব্যাহত রাখা হচ্ছে যদি না পরবর্তীতে একটি কোন ভবিষ্যৎ নির্বাহী আদেশ দ্বারা সেগুলি সংশোধিত বা প্রসারিত করা হয়, এই শর্তে যে 20 জুলাই 2020 তারিখে নিউ ইয়র্ক সিটি অঞ্চল ফেজ ফোর শিল্পের পুনরায়

খোলার জন্য প্রয়োজনীয় জনস্বাস্থ্য এবং নিরাপত্তার মেট্রিকস পূরণ করেছে, কিন্তু এই শর্ত আরো যে রিটেইল শপিং মলের আভ্যন্তরীণ সাধারণ অংশগুলি এবং কম-বুঁকির আভ্যন্তরীণ শিল্প এবং বিনোদনগুলি তেমন অঞ্চলগুলিতে বন্ধ থাকা অব্যাহত থাকুক।

- উপরন্তু, কার্যনির্বাহী আদেশ 202.50 এ উল্লিখিত নির্দেশ, যার অধীনে যে সব অঞ্চলগুলি রাজ্যের পুনরায় খোলার পর্যায় চারে প্রবেশের জনস্বাস্থ্য এবং নিরাপত্তার মেট্রিকস পূরণ করেছে সেখানকার খুচরা শপিং মলগুলির আভ্যন্তরীণ সাধারণ অংশগুলি খোলার অনুমোদন পেয়েছে, সেটি এতোদ্বারা সংশোধন করা হল এই মর্মে যে নিউ ইয়র্ক সিটির এলাকায় শপিং মলগুলির আভ্যন্তরীণ সাধারণ অংশগুলি বন্ধ থাকা অব্যাহত থাকবে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ

সালের জুলাই মাসের একুশ তারিখে এটি

প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব